

# জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ, সুশৃঙ্খল, নিরাপদ ও আনন্দঘন করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ০৭/১০/২০২৪ তারিখ দুপুর থেকে ১৪/১০/২০২৪ তারিখ দুপুর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রবেশমুখে ৬টি চেকপোস্ট (নীলক্ষেত, পলাশী, শাহবাগ, বার্ন ইউনিট, দোয়েল চত্বর এবং শহীদ মিনার) থাকবে। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের উক্ত সময়ে নিজ নিজ পরিচয়পত্র সাথে রাখার জন্য বিনীতভাবে অনুরোধ জানানো যাচ্ছে। উল্লিখিত সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় আতশবাজি ব্যবহার না করার জন্য বিশেষভাবে নির্দেশ দেয়া হলো। পূজা উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় আগত সকল পুন্যার্থী এবং দর্শনার্থীর সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

আদেশক্রমে

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ